গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয় ঢাকা
www.mos.gov.bd

নথি নং-১৮.০২৯.০০.০১৪.০১২.০০১.১৯/১৫২ তারিখঃ ১৯ আগষ্ট ২০১৯

**বিষয়ঃ বিআইডব্লিউটিসি কর্তৃক প্রস্তাবিত "বিআইডব্লিউটিসি'র চট্টগ্রামস্থ টার্মিনাল ১ ও ২ এ জেটি নির্মাণসহ অবকাঠামো উন্নয়ন আধুনিকায়ন (পর্যায়-১)" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ২৮-০৭-২০১৯ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনে বিআইডব্লিউটিসি কর্তৃক প্রস্তাবিত "বিআইডব্লিউটিসি'র চট্টগ্রামস্থ টার্মিনাল ১ ও ২ এ জেটি নির্মাণসহ অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়ন (পর্যায়-১)" শীর্ষক প্রকল্পের ডিপিপির বিষয়ে যাচাই কমিটির সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

১৯/০৮/১৯
এস.এম.আলমগীর
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৪৫৪৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিববালয়, ঢাকা।
৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ ঢাকা।
১০। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। উপ-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। চীফ প্ল্যানিং ম্যানেজার, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ ঢাকা।

অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রনালয়
পরিকল্পনা শাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ **"বিআইডব্লিউটিসি'র চট্টগ্রামস্থ টার্মিনাল ১ ও ২ এ জেটি নির্মাণসহ অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়ন (পর্যায়-১)" শীর্ষক প্রকল্পের উপর যাচাই কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ আবদুস সামাদ, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় |
| সময় ও তারিখ | ঃ | বেলা ৩.০০ ঘটিকা, ২৮/০৭/২০১৯ ইং |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ |

উপস্থিতি কর্মকর্তাবৃন্দের তালিকা **পরিশিষ্ট-"ক"** তে সন্নিবেশিত করা হলো।

**২.০ উপস্থাপনা :**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয় জানান যে, বিআইডব্লিউটিসি কর্তৃক প্রস্তাবিত "**"বিআইডব্লিউটিসি'র চট্টগ্রামস্থ টার্মিনাল ১ ও ২ এ জেটি নির্মাণসহ অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়ন (পর্যায়-১)"** শীর্ষক প্রকল্পটি মোট ১৯৯০৫.৩৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৯ হতে জুন, ২০২২ মেয়াদে প্রস্তাব করা হয়েছে। অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ-পথে এবং আন্তর্জাতিক নৌ রুটে নিরাপদ ও সাশ্রয়ী পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণের মাধ্যমে দেশের পরিবহন সেক্টরে টেকসই প্রবৃদ্ধি অর্জন করাই এই প্রকল্পের মূল লক্ষ। প্রকল্পটি ২০১৯-২০ অর্থ বছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভূক্ত রয়েছে।

**৩.০ আলোচনা :**

৩.১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি সভায় জানান যে, চট্টগ্রামের সদরঘাটের ষ্ট্র্যান্ড রোডের মোট ৪.৩৩৪৩ একর জমিতে বিআইডব্লিউটিসি'র দু'টি টার্মিনাল রয়েছে এবং দু'টি জেটি রয়েছে। এ দু'টি টার্মিনালের মাধ্যমে চট্টগ্রাম-সন্দ্বীপ-হাতিয়া রুটে বিআইডব্লিউটিসি পরিচালিত যাত্রিবাহী জাহাজের যাত্রি উঠানামার কাজ এবং কার্গো লোডিং-আনলোডিং এর কাজ সম্পাদন করা হয়। এছাড়াও এ দু'টি টার্মিনালে কিছু জরাজীর্ণ গুদাম রয়েছে যা ভাড়া দিয়ে সংস্থা কিছু রাজস্ব আয় করে। ১৯৯৬ সালে বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়িত আইডব্লিউটি-৩ প্রকল্পের আওতায় চট্টগ্রাম টার্মিনালের জন্য দু'টি জেটি নির্মাণ করা হয়। যা বর্তমানে জরাজীর্ণ অবস্থায় আছে। বর্তমানে চট্টগ্রাম-সন্দ্বীপ-হাতিয়া রুটে ৩টি যাত্রিবাহি জাহাজ নিয়োজিত আছে। উন্নয়ন প্রকল্পের আওতায় আরও ২টি যাত্রিবাহি জাহাজ নির্মাণাধীন আছে। এ দু'টি জাহাজ ২০২০ সাল নাগাদ সার্ভিসে নিয়োজিত করা হবে। এছাড়াও "বিআইডব্লিউটিসি'র জন্য ৩৫টি বাণিজ্যিক ও ৮ টি সহায়ক জলযান সংগ্রহ এবং ২টি নতুন স্লিপওয়ে নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় আরও ৪টি উপকূলীয় যাত্রিবাহি জাহাজ এবং ৩টি ক্রুজ শিপ নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে। তিনি উল্লেখ করেন, পদ্মা সেতু চালু হলে সংস্থার রাজস্ব আয় উল্লেখ্যযোগ্য ভাবে কমে যাবে। বিআইডব্লিউটিসি এর নিজস্ব আয় দ্বারা জনবলের বেতনসহ সংস্থার যাবতীয় পরিচালন ব্যয় মিটিয়ে থাকে। আলোচ্য প্রকল্পটি বাস্তবায়িত হলে সংস্থার রাজস্ব আয়ের সুযোগ সৃষ্টি হবে। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি বলেন- এটি সংস্থার একটি অগ্রাধিকার প্রকল্প।

৩.২. যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয় বলেন যে, যেহেতু বিআইডব্লিউটিসি একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান তাই মোট প্রকল্প ব্যয়ের একটি অংশ সংস্থাকে বহন করতে হবে এবং অঙ্গসমূহের ব্যয় কমিয়ে যৌক্তিক ভাবে নির্ধারণ করতে হবে। এ প্রসঙ্গে চেয়ারম্যান বিআইডব্লিউটিসি বলেন, সংস্থা প্রতি অর্থ বছরে নিজস্ব অর্থায়নে একাধিক প্রকল্প বাস্তবায়ন করছে। এছাড়া এডিপিভুক্ত প্রতিটি প্রকল্পে জিওবি'র অর্থায়নের পাশাপাশি সংস্থার নিজস্ব অর্থায়নও রয়েছে। ফলে প্রস্তাবিত প্রকল্পে ৫% নিজস্ব অর্থায়ন করা যেতে পারে। তিনি আরও বলেন যে, জাহাজ জটের প্রধান কারণ জেটি সংকট। জেটি দু'টি নির্মিত হলে জাহাজ জট অনেকটা হ্রাস পাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

৩.৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয় উক্ত প্রকল্পের Feasibility Study করা হয়েছে কিনা জানতে চাইলে বিআইডব্লিউটিসি'র প্রতিনিধি জানান যে ক্রিয়েটিভিটি লিমিটেড নামক প্রতিষ্ঠানের মাধ্যমে সংস্থার নিজস্ব অর্থায়নে সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন করা হয়েছে। এক্ষেত্রে অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্পটি ৩ পর্যায়ে না করে ১ পর্যায়ে সম্পূর্ণ করণের পক্ষে মতামত প্রকাশ করেন এবং প্রস্তাবিত প্রকল্পে মোট প্রাক্কলিত ব্যয়ের ১০% নিজস্ব অর্থায়নে করার পক্ষে মত দেন।

**৪.০। সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্ব সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

৪.১. ডিপিপিতে উল্লেখিত বিভিন্ন পর্যায় এর কার্যক্রমের পরিবর্তে সামগ্রিকভাবে একটি প্রকল্প বিবেচনা করে ডিপিপি পুনর্গঠন করতে হবে;

৪.২. প্রকল্পের সকল প্রকার দ্বৈততা পরিহার করতে হবে;

৪.৩. প্রকল্পের অঙ্গসমূহের ব্যয় যৌক্তিকভাবে হ্রাস করতে হবে;

৪.৪ মোট প্রাক্কলিত ব্যয়ের ১০% সংস্থার নিজস্ব অর্থ হতে বহন করতে হবে ;

৪.৫. ডিপিপি'র অন্যান্য ছোট ভুলগুলো সংশোধন করতে হবে। প্রয়োজনে মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং এর সহায়তা নিতে হবে;

৪.৬. প্রকল্পের প্রধান প্রধান আইটেমসমূহের স্পেসিফিকেশন/ডিজাইন এমনভাবে করতে হবে যাতে টেন্ডার প্রক্রিয়া প্রতিযোগিতামূলক ও গুনগত মানসম্পন্ন হয়;

৪.৮. উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে ডিপিপি সংশোধন করে স্বয়ংসম্পূর্ণ ও সংশোধিত ডিপিপি জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

**৫.০। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।**

(মোঃ আবদুস সামাদ)
সচিব